



স্মারক নং-২৭.০০.০০০০.০৪১.৯৯.০০৩.১৯ (অংশ-১). ২৬০

তারিখ ০৩ ফাল্গুন ১৪২৬  
১৬ ফেব্রুয়ারি ২০২০

**বিষয়ঃ** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রচিত গল্প-প্রবন্ধ-নিবন্ধ নিয়ে গ্রন্থ প্রকাশের লক্ষ্যে লেখা আহ্বান সংক্রান্ত।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও “মুজিব বর্ষ” যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। তার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রচিত বঙ্গবন্ধুর উপর লিখিত সাহিত্যের বিভিন্ন শাখার লেখা নিয়ে গ্রন্থ প্রকাশ একটি কর্মসূচি। এ বিষয়ে অতিরিক্ত সচিব (মুদ্রণ ও পরিবহন) এর সভাপতিত্বে গঠিত সাব কমিটি কর্তৃক গত ০৭ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় সাহিত্যের সকল শাখা হতে লেখা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে আগ্রহীদেরকে আগামী ১৩ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে গল্প, প্রবন্ধ, রচনাসমূহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রেরণের জন্য এ বিভাগে অনুরোধ করা হয়েছে;


(ক) বিসিএস প্রশাসন ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও পরিদপ্তরসহ মাঠ প্রশাসনে কর্মরত নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীরা লেখা প্রেরণের জন্য বিবেচিত হবেন। এ ক্ষেত্রে অবসরপ্রাপ্ত জনপ্রশাসনের কর্মচারীগণের লেখাও গৃহীত হবে;

(খ) প্রেরিত লেখাটি ইতোমধ্যে কোনো মাধ্যমে প্রকাশ করা হয়নি মর্মে নিশ্চিত করতে হবে;

(গ) গল্প-প্রবন্ধ-নিবন্ধের ক্ষেত্রে শব্দসীমা ৩০০০ এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;

(ঘ) বঙ্গবন্ধুর উপর রচিত কবিতাসহ সাহিত্যের যে কোনো শাখার লেখা সর্বোচ্চ ৫০০০ শব্দের মধ্যে হলে প্রেরণ করা যাবে।

০২। এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর রচিত গল্প-প্রবন্ধ-নিবন্ধ নিয়ে গ্রন্থ প্রকাশে আগ্রহীদেরকে আগামী ০৫ মার্চ ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(তাহমিনা ইয়াসমিন)

উপসচিব

ফোনঃ ৯৫১৩৩৬৪

[dsadmin@pd.gov.bd](mailto:dsadmin@pd.gov.bd)

**কার্যার্থে বিতরণঃ** সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (প্রেডা), ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
- ০৬। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক-পিজিসিবি/ডিপিডিসি/ডেসকো/ইজিসিবি/ওজোপাডিকো/নেসকো/নওপাজেকো/আরপিসিএল/এপিএসসিএল/বি-আর পাওয়ারজেন লিমিটেড/বিআইএফসিএল, ঢাকা/খুলনা/ব্রাহ্মণবাড়িয়া/ রাজশাহী।

**অনুলিপিঃ**

- ০১। অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০২। যুগ্মসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০৩। যুগ্মপ্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০৪। উপসচিব/উপপ্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ০৭। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০৮। সিনিয়র সহকারী প্রধান (বিদ্যুৎ-১/২/৩), বিদ্যুৎ বিভাগ।
- ০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ১০। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।